



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ইসলামিক ফাউন্ডেশন



www.islamicfoundation.gov.bd

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৪.২৫.০০১.২০.৫৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৭

১৪ অক্টোবর ২০২০

বিষয়: ইমাম প্রশিক্ষণ একাডেমির ২০২০-২০২১ অর্থ বছরে নিয়মিত প্রশিক্ষণ কোর্সে ইমাম প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

ইমাম প্রশিক্ষণ একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন-এর উদ্যোগে ২০২০-২০২১ অর্থ বছরে ৪৫ দিনব্যাপী নিয়মিত ইমাম প্রশিক্ষণের প্রথম কোর্স ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/দিনাজপুর/সিলেট কেন্দ্রে আগামী ১৭/১০/২০২০ খ্রিঃ তারিখ শনিবার থেকে শুরু হবে ইনশাআল্লাহ। করোনা ভাইরাস সংক্রমণের প্রাদুর্ভাব শেষ না হওয়ায় উল্লেখিত কোর্সে প্রতিব্যাচে ১০০ জন প্রশিক্ষণার্থীর স্থলে ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণের জন্য ইতোপূর্বে প্রাথমিকভাবে বাছাইকৃত ইমামদের মধ্য থেকে পুনঃনির্ধারিত (কোটা সংযুক্তি-১ ও কোটা সংযুক্তি-২) অনুযায়ী নির্ধারিত সংখ্যক ইমামকে প্রশিক্ষণের জন্য মনোনীত করে প্রশিক্ষণ শুরুর পূর্বের দিন বিকাল ৪.০০ টার মধ্যে মশারী ও মৌসুম উপযোগী প্রয়োজনীয় বিছানাপত্রসহ সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে ইমামদের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

তবে শর্ত থাকে যে, প্রশিক্ষণকালীন সময়ে যে সকল ইমামগণ সাপ্তাহিক ছুটি বা যে কোন প্রকারের ছুটি ভোগ করবেন না বা ইমাম হোস্টেল ত্যাগ করবেন না এরূপ ইমামগণকে প্রশিক্ষণের জন্য প্রেরণ করতে হবে। ভর্তির ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী যথারীতি বহাল থাকবে।

আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

১৪-১০-২০২০

মোঃ আনিসুজ্জামান সিকদার

পরিচালক

ফোন: ০২-৮১৮১৫৩১

ইমেইল: ifitadhk@gmail.com

পরিচালক/উপ-পরিচালক (সকল), ইসলামিক ফাউন্ডেশন
বিভাগীয়/জেলা কার্যালয়।

স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৪.২৫.০০১.২০.৫৬/১(৯)


তারিখ: ২৯ আশ্বিন ১৪২৭

১৪ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, সমন্বয় বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন।
- ২) উপ-পরিচালক (প্রশাসন), ইমাম প্রশিক্ষণ একাডেমি, ঢাকা।
- ৩) উপ-পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি (সকল)-সংশোধিত ব্যয় বিভাজন অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।
- ৪) সহকারী পরিচালক (অর্থ), ইমাম প্রশিক্ষণ একাডেমি, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (প্রশাসন), ইমাম প্রশিক্ষণ একাডেমি, ঢাকা।
- ৬) একান্ত সচিব, মহাপরিচালক মহোদয়-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

- ৭) কেয়ার টেকার, ইমাম প্রশিক্ষণ একাডেমি, ঢাকা।
৮) রেকর্ড কীপার, ইমাম প্রশিক্ষণ একাডেমি, ঢাকা।
৯) সংশ্লিষ্ট নথি, ইমাম প্রশিক্ষণ একাডেমি, ঢাকা।



১৪-১০-২০২০

মোঃ আনিসুজ্জামান
উপপরিচালক (প্রশিক্ষণ)